# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 06 July, 2025

চট্টগ্রাম জেলায় করোনাভাইরাসে নতুন করে আরও তিনজন আক্রান্ত হয়েছেন।রোববার (৬ জুলাই) বিকেলে চট্টগ্রাম জেলা সিভিল সার্জন কার্যালয় থেকে পাঠানো এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, গত ২৪ ঘণ্টায় জেলার বিভিন্ন স্থানে মোট ১৩৬ জনের নমুনা পরীক্ষা করা হয়।এর মধ্যে তিনজনের দেহে করোনা পজিটিভ পাওয়া গেছে।শনাক্তদের দুজন শেভরন ডায়াগনস্টিক সেন্টার ও একজন এপিক হেলথ কেয়ার-এ নমুনা জমা দেন।

স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, গত জুন মাসের শুরু থেকে চট্টগ্রামে করোনার সংক্রমণ আবারও বাড়তে শুরু করেছে।এ সময়ে মোট ১৭৮ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন এবং মারা গেছেন সাতজন।

চট্টগ্রাম জেলা সিভিল সার্জন কার্যালয় সতর্কতা হিসেবে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মানতে এবং করোনা উপসর্গ দেখা দিলে দ্রুত পরীক্ষা করানোর আহ্বান জানিয়েছে।

করোনাভাইরাস চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:30

URL: https://timestodaybd.com/public/across-the-country/7758074326